



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়  
পার্বত্য জেলা পরিষদ  
খাগড়াছড়ি  
[www.khdc.gov.bd](http://www.khdc.gov.bd)

স্মারক নং- ২৯.৩৬.৪৬০০.১০৪.০২০.১৪.০২৫৭.২৫-২০২৬

তারিখ ২৭ আশ্বিন, ১৪৩২  
১২ অক্টোবর, ২০২৫

অস্থায়ী ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পার্বত্য জেলায় সকল উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে ইংরেজি, বিজ্ঞান ও গণিত বিষয়ে শিক্ষার্থীদের বিশেষ ক্লাশ/প্রশিক্ষণের লক্ষ্যে প্রকল্প মেয়াদে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত চাকরি আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স ও অভিজ্ঞতা	বেতন
১.	সহকারী শিক্ষক (ইংরেজী)	১৮টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে	অনুর্ধ্ব ৪০ বছর।	সর্বসাকুল্যে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।
২.	সহকারী শিক্ষক (বিজ্ঞান)	১৮টি	স্নাতক(সম্মান)/স্নাতকোত্তর/সমমান ডিগ্রী।		
৩.	সহকারী শিক্ষক (গণিত)	১৮টি			

- ০১) নিম্নস্বাক্ষরকারী বরাবর সাদা কাগজে স্ব-হস্তে লিখিত/পূরণকৃত চাকরি আবেদন ফরম আগামী ২৬/১০/২০২৫ খ্রিঃ এর মধ্যে অফিস চলাকালীন সময়ে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত সময়ের পরে সরাসরি, ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০২) অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদন পত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৩) আবেদনপত্রে স্পষ্টাক্ষরে (ক) আবেদনকারীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) পূর্ণাঙ্গ স্থায়ী ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) অভিজ্ঞতা (যদি থাকে) (জ) জন্ম তারিখ (ঝ) বয়স (২৬/১০/২০২৫ তারিখে) (ধ) জেডার (চ) ধর্ম (ঠ) জাতীয়তা (ড) বৈবাহিক অবস্থা (চ) মোবাইল নম্বর (এ) জাতীয় পরিচয় পত্র নং (ত) জন্ম নিবন্ধন নং (থ) ই-মেইল ঠিকানা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ০৪) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে। যথাঃ (ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি রঙিন ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র, (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্প্রতি প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি), (ঘ) পৌরসভা/ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঙ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), (চ) জাতীয় পরিচয় পত্র এবং, (ছ) জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি। ছবি এবং সকল সনদপত্র অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। (সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে)।
- ০৫) আবেদনপত্রের সাথে নিম্ন-স্বাক্ষরকারীর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ২০০/- (দুইশত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
- ০৬) আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর যাদের আবেদনপত্র সঠিক এবং প্রাপ্ত কাগজপত্রাদি উপযুক্ত বলে বিবেচিত হবে; শুধুমাত্র তাদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

- ০৭) নির্বাচিত প্রার্থীকে দুর্গম ও দূরবর্তী স্থানে নিয়োগ প্রদান করা হবে। এমতাবস্থায় দূরবর্তী স্থানে চাকুরী করার মানসিকতা সম্পন্ন প্রার্থীদের আবেদন করার জন্য বলা হলো।
- ০৮) ভূয়া তথ্য কিংবা সনদপত্র এবং ছবি ও সনদ সত্যায়নের ক্ষেত্রে কোন প্রকার জালিয়াতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।
- ০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানোর ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০) এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং প্রকল্প মেয়াদ পর্যন্ত বলবৎ থাকবে।


স্বাক্ষর,-  
(শেফালিকা ত্রিপুরা)  
চেয়ারম্যান  
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

স্মারক নং- ২৯.৩৬.৪৬০০.১০৪.০২০.১৪.০২৫৭.২৫-২০২৬

তারিখ ২৭ আশ্বিন, ১৪৩২  
১২ অক্টোবর, ২০২৫

অনুলিপি : সদয় অবগতি ও জ্ঞাতার্থে - (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি।
- ২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ,
- ৩। জনাব.....সম্মানিত সদস্য(সকল),  
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
- ৪। জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
- ৬। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
- ৭। সম্পাদক/জেলা প্রতিনিধি, দৈনিক দিনকাল, ঢাকা, ডি ডেইলি নিউ ন্যাশন, ঢাকা, দৈনিক সবুজ পাতার দেশ, খাগড়াছড়ি। বিজ্ঞপ্তিটি অনুলিপির অংশ বাদে আগামী ১৪/১০/২০২৫খ্রি. তারিখের মধ্যে সংক্ষিপ্ত পরিসরে (৩ কলামে ১২ ইঞ্চি সাইজে) একটি সংখ্যায় ছাপিয়ে যথারীতি বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিল হতে প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ৮। অফিস কপি

  
১২.১০.২০২৫  
(মোঃ আব্দুল্লাহ আল মাহফুজ)  
নির্বাহী কর্মকর্তা

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ  
সদস্য-সচিব

সহকারী শিক্ষক নিয়োগ ও বাছাই কমিটি  
মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে  
ইংরেজী, বিজ্ঞান ও  
গণিত বিষয়ে বিশেষ ক্লাশ/প্রশিক্ষণ প্রকল্প।